রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ৬, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ মে ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৯.১৮.৭৫—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ‘‘সিকিউরিটি সার্ভিস’’ শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২১ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ‘‘সিকিউরিটি সার্ভিস’’ শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

*স্বাক্ষরিত*
**(সুলতান মাহ্মুদ)**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ১২.০০

**''সিকিউরিটি সার্ভিস'' শিল্প**
**খসড়া সুপারিশ-২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০০১.১৪-১৪ তারিখ: ২৮/০২/২০১৮ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক ''সিকিউরিটি সার্ভিস'' শিল্প সেক্টরে নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ১১/০২/২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নম্বর ৪৯-আইন/২০১৮ তারিখ: ০৭/০২/২০১৮) নিম্নতম মজুরী বোর্ডে ''সিকিউরিটি সার্ভিস'' শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড ''সিকিউরিটি সার্ভিস'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ ঢাকায় অবস্থিত এলিট সিকিউরিটি সার্ভিসেস লিমিটেড (এলিট ফোর্স), যমুনা সিকিউরিটি সার্ভিসেস লিমিটেড (জেএসএস) এবং ইন্টিগ্রেটেড সিকিউরিটি সার্ভিসেস লিমিটেড (আইএসএস) এর কার্যালয়ে উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ এবং তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ''সিকিউরিটি সার্ভিস'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ''সিকিউরিটি সার্ভিস'' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্ট্যারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। সিকিউরিটি গার্ড পদে প্রাথমিক নিয়োগের ক্ষেত্রে শিক্ষিত প্রার্থীর বিশেষ যোগ্যতা ও দক্ষতা বিবেচনায় নিয়োগকর্তা সিকিউরিটি গার্ডের মাসিক মজুরির সহিত অতিরিক্ত মজুরি প্রদান করিতে পারিবেন যাহা আউটসোর্সিং (outsourcing) নিয়োগ কর্তার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১২। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৫৬০০/- (পাঁচ হাজার ছয়শত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি

৫৮৮০/- (পাচঁ হাজার আটশত আশি) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৫৮৮০/- (পাচঁ হাজার আটশত আশি)) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৬১৭৪/-(ছয় হাজার একশত চুয়াত্তর) টাকা নির্ধারিত হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

*স্বাক্ষরিত*
(সুলতান মাহ্‌মুদ)
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

*স্বাক্ষরিত*
(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য

*স্বাক্ষরিত*
(কাজী সাইফুদ্দীন আহমদ)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(সুলতান আহম্মদ)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
( মেজর আব্দুল হাই হাওলাদার (অবঃ) )
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

*স্বাক্ষরিত*
(খন্দকার আবু হাসেম বিপ্লব)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**তফসিল “ ক ”**

শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১:<br>১। সিকিউরিটি ইন্সপেক্টর<br>২। সিকিউরিটি শিফট ইনচার্জ<br>৩। জোন কমান্ডার<br>৪। গানম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৪০০/- | ৪২০০/- | ১০০০/- | ৪০০/- | ১৪০০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৪০০/- | ৩৩৬০/- | ১০০০/- | ৩০০/- | ১৩০৬০/- |
| ২। | গ্রেড-২:<br>১। সিকিউরিটি সুপারভাইজার<br>২। সহকারি জোন কমান্ডার<br>৩। এটিএম সেল চেকার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭১০০/- | ৩৫৫০/- | ১০০০/- | ৪০০/- | ১২০৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭১০০/- | ২৮৪০/- | ১০০০/- | ৩০০/- | ১১২৪০/- |
| ৩। | গ্রেড-৩:<br>১। সহকারি সিকিউরিটি সুপারভাইজার<br>২। সিনিয়র সিকিউরিটি গার্ড | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬১০০/- | ৩০৫০/- | ১০০০/- | ৪০০/- | ১০৫৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬১০০/- | ২৪৪০/- | ১০০০/- | ৩০০/- | ৯৮৪০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৪। | <u>গ্রেড-৪:</u><br>১। সিকিউরিটি গার্ড | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৬০০/- | ২৮০০/- | ১০০০/- | ৪০০/- | ৯৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৬০০/- | ২২৪০/- | ১০০০/- | ৩০০/- | ৯১৪০/- |
| ৫। | শিক্ষানবিস : | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৭০০০/- (সাত হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল “ খ ”

### কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১:<br>১। ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট<br>২। ট্রান্সপোর্ট সুপারভাইজার<br>৩। অডিটর<br>৪। উচ্চমান সহকারী<br>৫। এক্সিকিউটিভ অ্যাসিসটেন্ট<br>৬। হিসাবরক্ষক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৮৫০০/- | ৪২৫০/- | ১০০০/- | ৪০০/- | ১৪১৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৮৫০০/- | ৩৪০০/- | ১০০০/- | ৩০০/- | ১৩২০০/- |
| ২। | গ্রেড-২:<br>১। কম্পিউটার অপারেটর<br>২। অফিস সহকারী<br>৩। ক্যাশ সহকারী<br>৪। স্টোর কিপার<br>৫। টেলিফোন অপারেটর কাম-রিসেপসনিস্ট | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৭২০০/- | ৩৬০০/- | ১০০০/- | ৪০০/- | ১২২০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৭২০০/- | ২৮৮০/- | ১০০০/- | ৩০০/- | ১১৩৮০/- |
| ৩। | গ্রেড-৩:<br>১। ড্রাইভার<br>২। মেকানিক<br>৩। ইলেকট্রিশিয়ান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৬০০০/- | ৩০০০/- | ১০০০/- | ৪০০/- | ১০৪০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৬০০০/- | ২৪০০/- | ১০০০/- | ৩০০/- | ৯৭০০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৪। | গ্রেড-৪:<br>১। পিয়ন (অফিস সহায়ক)<br>২। লিফটম্যান<br>৩। কুক<br>৪। মশালচি<br>৫। ক্লিনার (পরিচ্ছন্নতা কর্মী)<br>৬। মেসেঞ্জার<br>৭। মালি<br>৮। টি বয়/ক্যান্টিন বয় | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা | ৫৩০০/- | ২৬৫০/- | ১০০০/- | ৪০০/- | ৯৩৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকা | ৫৩০০/- | ২১২০/- | ১০০০/- | ৩০০/- | ৮৭২০/- |
| ৫। | শিক্ষানবিস : | (ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৭০০০/- (সাত হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিসীকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.